গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
www.imed.gov.bd

**নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

| | | | |
|---|---|---|---|
| **১** | প্রকল্পের নাম | : | "গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প |
| **২.** | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| **৩.** | বাস্তবায়নকারী সংস্থা | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর |
| **৪.** | প্রকল্পের অবস্থান | : | দেশের ৬৪ জেলার ৪৯২টি উপজেলা |

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :**

| প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | | বাস্তবায়নকাল | | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত ব্যয় (মূল বাস্তাবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | মূল | সর্বশেষ সংশোধিত | | |
| ৬৫৭৮২০.০০ | ৬৫৫৪২৬.৫৯ | জানুয়ারি/২০১৯-জুন/২০২২ | জানুয়ারি/২০১৯-জুন/২০২৪ | -০.৫০% | +৪২.৮৬% |

৬. **ক্রমপুঞ্জিত অগ্রগতি:** সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ১৭৬০৭৪.৭৮, যা ২৬.৯০% এবং বাস্তব অগ্রগতি ৪৫%।

৭. **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালর্ভাট নির্মাণ করে জলাবদ্ধতা দূরীকরণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;
- পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং দুর্যোগের সময় জনসাধারণকে দ্রুত নিরাপদ আশ্রয়কেন্দ্রে স্থানান্তরের মাধ্যমে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাসকরণ;
- দেশের স্থানীয় হাট-বাজার, গ্রোথসেন্টার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদের সাথে কাজের বিনিময়ে খাদ্য/ইজিপিপি কর্মসূচীর আওতায় নির্মিত রাস্তাসমূহের সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষি উপকরণ সহজে পরিবহণ ও বিপণনের মাধ্যমে দারিদ্রতা কমিয়ে এনে আর্থ- সামাজিক ব্যবস্থার উন্নয়ন এবং সার্বিক দুর্যোগ ঝুঁকি হ্রাসে সহায়তা প্রদান;
- অবকাঠামো নির্মাণকালীণ সময়ে সাময়িক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে গ্রামীণ এলাকার দারিদ্র্য দূরীকরণ।

৮. **প্রকল্পের প্রধান কার্যক্রমঃ**

- মোট জেলা: ৬৪টি;
- মোট উপজেলা: ৪৯২টি;
- সেতু/কালভার্টের স্প্যান দৈর্ঘ্য ১৫ মিটার পর্যন্ত;
- সেতু/কালভার্টের প্রস্থ (চওড়া) ৪.৩০ হতে ৫.৫০ মিটার;
- লক্ষ্যমাত্রা ১,৫৬,০০০ মিটার (সম্ভাব্য ১৩০০০টি সেতু/কালভার্ট);
  তন্মধ্যে:
- ৯৩৬০০ মিটার বক্স টাইপ (সম্ভাব্য ৭৮০০টি);
- ৬২৪০০মিটার গার্ডার টাইপ (সম্ভাব্য ৫২০০টি) সেতু/কালভার্ট নির্মিত হবে।

**খ. পরামর্শকের কার্যপরিধি (ToR) :**

৯.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অর্থায়ন, অনুমোদন, বাস্তাবায়ন, মেয়াদ বৃদ্ধি সম্পর্কিত প্রযোজ্য তথ্যের পর্যালোচনা;

৯.২.১ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, বরাদ্দ, অর্থ ছাড়, ব্যয় সম্পর্কিত তথ্য বিশ্লেষণ;

৯.২.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩.১ প্রকল্পের এ পর্যন্ত অর্জন লগ ফ্রেমের আলোকে পর্যালোচনা;

৯.৩.২ ডিপিপি'র প্রদত্ত লগ ফ্রেম এ নির্ধারিত MOV, OVI এর যথার্থতা নিরূপন;

৯.৩.৩ ডিপিপিতে উপস্থাপিত IRR, NPV, BCR যথাযথভাবে নির্ণিত হয়েছিল কিনা তার বিশ্লেষণধর্মী অনুসন্ধান ও পর্যবেক্ষণ;

৯.৪.১ প্রকল্পের Procurement এর ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮), এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪.২ ক্রয় কার্যক্রমে সম্পাদিত চুক্তিসহ সকল ধাপ পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪.৩ পণ্য, কার্য ও সেবা পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং সংগ্রহের ক্ষেত্রে প্রয়োজনীয় জনবলের জন্য গৃহীত টেকসই পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫.১ নির্মিত সেতু/কালভার্ট নির্মাণের ক্ষেত্রে রড, সিমেন্ট, বালি ইত্যাদি নির্মাণ সামগ্রীর গুণগত মান, যাচাইয়ের লক্ষ্যে প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা সংক্রান্ত পর্যালোচনা ও বিশ্লেষণ;

৯.৫.২ সেতু/কালভার্ট নির্মাণের ফলে দুর্যোগের সময় জনসাধারণকে দ্রুত নিরাপদ আশ্রয় কেন্দ্রে স্থানান্তরের মাধ্যমে দুর্যোগজনিত ঝুঁকি হ্রাস পাবে কিনা সে বিষয়ে বিশ্লেষণ;

৯.৫.৩ এ প্রকল্প বাস্তবায়নের কারণে কৃষি উপকরণ সহজে পরিবহন ও বিপণনের মাধ্যমে দারিদ্রতা কমিয়ে এনে আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নয়ন এবং সার্বিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার ক্ষেত্রে কি ধরণের প্রকল্পের প্রভাব সৃষ্টি হতে পারে তা নির্ধারণ পূর্বক পর্যালোচনা ও বিশ্লেষণ;

৯.৫.৪ অবকাঠামো নির্মাণকালে কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করে গ্রামীণ এলাকার দ্রারিদ্র দূরীকরণে সৃষ্ট প্রভাব পর্যালোচনা ও বিশ্লেষণ;

৯.৬ প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্প বাস্তবায়নে ঝুঁকি, বাস্তবায়নকালে বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণ নির্ণয়; এরূপ ক্ষেত্রে শৈথিল্য, উদাসীনতা (যদি থাকে)তা উদঘাটন বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৮ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসইকরণে বিশ্লেষণ ভিত্তিক মতামত প্রদান;

৯.৯ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, বাস্তবায়ন পরিকল্পনা, ক্রয় পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৯.১০ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১১ আইএমইডি পরিবীক্ষণ টুলস (IMED-01, 02, 03, 05), আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন ছক, আইএমইডি প্রকাশিত Monitoring and Evluation (M&E) Guideline for Industry, Power & Energy এর আলোকে বাস্তবায়ন প্রকৃতি ও অগ্রগতি পর্যালোচনা;

৯.১২ সমীক্ষা কার্যক্রমে তথ্য সংগ্রহে ব্যবহৃত টুলস যেমন: FGD, KII-সহ সরেজমিন পরিদর্শনের একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

৯.১৩ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় (সমীক্ষা ও স্থানীয় কর্মশালা) হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন; জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন; জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন;

৯.১৪.১ প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা ও প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১৪.২ প্রকল্পের অভ্যন্তরীণ মনিটরিং ব্যবস্থা সম্পর্কে পর্যালোচনা;

৯.১৪.৩ IMED কর্তৃক প্রকল্প চলাকালীন পরিবীক্ষণ কার্যক্রমের মূল্যায়ন এবং পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত পর্যবেক্ষণ ও সুপারিশ এবং প্রতিবেদনে উপস্থাপিত পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে মন্ত্রণালয়, সংস্থা এবং প্রকল্প কার্যালয়ের গৃহীত কার্যক্রমের বিশ্লেষণ ও মূল্যায়ন;

৯.১৫ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম চলাকালীন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য বিষয়াবলি।

**১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ**

| ক্রঃ | পরামর্শকের প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | পরামর্শক প্রতিষ্ঠান | | • গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন; |
| ২. | (ক) টিম লিডারঃ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে<br>খ) পিএইডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে | • গবেষণা ও মূল্যায়ন কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>• এ সম্পর্কিত কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; |

| ক্রঃ | পরামর্শকের প্রকৃতি | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | | | • টিম লিডার হিসেবে ন্যূনতম ০২ (দুই) বছর কাজ করার অভিজ্ঞতা;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতার পাশাপাশি বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেওয়া হবে;<br>• পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। বিশেষভাবে বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য,কার্য ও সেবা), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন,বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে;<br>• "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে;<br>• প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া হবে; |
| | (খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার | ক) ন্যুনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি (স্ট্রাকচারাল বিষয়ে ডিগ্রি থাকলে অগ্রাধিকার)<br>খ) PPR এর উপর প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার দেয়া হবে। | • প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ/মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ সিভিল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>• ব্রিজ নির্মাণ সংক্রান্ত প্রকল্পে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>• পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা;<br>• প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে; |
| | (গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি। | • আর্থ-সামাজিক সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;<br>• দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;<br>• পরিবীক্ষণ/ মূল্যায়ন কাজে অভিজ্ঞতাদের অগ্রাধিকার দেয়া হবে; |
| | (ঘ) গবেষণা কর্মকর্তা/ ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান /কম্পিউটার সায়েন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; | • ডাটা ব্যবস্থাপনায় ন্যূনতম ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>• বিভিন্ন Statistical Software পরিচালনায় দক্ষতা; |

১১. **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:**

| ক্র নং | প্রতিবেদনের নাম | দাখিলের সময় |
|---|---|---|
| ১) | ইনসেপশন রিপোর্ট | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২) | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ৩) | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে |
| ৪) | ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report | চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে |
| ৪) | চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে |

১২. **ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়::**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।